বাংলাদেশ প্রবাসী অধিকার ফোরাম সৌদি আরব শাখার কমিটি গঠন উপলক্ষে মতবিনিময় সভা

চেম্বার ডেস্ক: বাংলাদেশ প্রবাসী অধিকার ফোরাম সৌদি আরব শাখার কমিটি গঠন উপলক্ষে এক মতবিনিময় সভা আজ শুক্রবার (১ নভেম্বর) অনুষ্ঠিত হয়।

সৌদি আরবের জেদ্দায় এক অভিজাত হোটেলে আয়োজিত মতবিনিময় সভায় সৌদি আরব শাখার আহ্বায়ক এনামুল হক এনামের সভাপতিত্বে ও কেন্দ্রীয় কমিটির যুগ্ন আহ্বায়ক রুবেল আহমদের সঞ্চালনায় সভায় প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় কমিটির আহবায়ক বিশিষ্ট মিডিয়া ব্যক্তিত্ব আব্দুল হালিম৷
তিনি তাঁর বক্তব্য বলেন, বাংলাদেশ প্রবাসী অধিকার ফোরাম বাংলাদেশী প্রবাসীদের অধিকার আদায়ের এক বলিষ্ঠ সংগঠন। এ সংগঠনের মাধ্যমে বিশ্বের সকল দেশের প্রবাসীদের সমস্যা নিরসনে অগ্রণী ভুমিকা রাখবে। অনেক প্রবসী রয়েছেন বছরের পর বছর প্রবাস জীবন করলেও শেষ সময়ে এসে তারা নীড়ে ফেরার ব্যবস্থাটুকু করতে পারেন না। এ সংগঠন সেসকল প্রবাসীদের সাহায্যে এগিয়ে আসবে। প্রবাসীদের অনেক অসুবিধা রয়েছে,সমস্যা রয়েছে সেগুলো চিহ্নিত করে বাংলাদেশ সরকারের কাছে তুলে ধরা হবে।
সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে সৌদি আরব শাখার কমিটি পুনর্গঠন করা হয়। পুনর্গঠন কমিটির দায়িত্বশীলো হলেন আহবায়ক এনামুল হক এনাম,সদস্য সচিব সাদিকুর রহমান, যুগ্ন আহ্বায়ক যথাক্রমে মাওলানা ফারুক আহমেদ, জামাল উদ্দিন, আব্দুল হাফিজ, আব্দুল কাদির, হারুন খান, আব্দুস শাকুর, সম্মানিত উপদেষ্টা মন্ডলী, মাওলানা কাজী কামরুল হাসান, মাওলানা হাবিবুর রহমান

এ সময় বক্তব্য রাখেন সৌদি আরব শাখার সদস্য সচিব মাওলানা সাদিকুর রহমান, বিশিষ্ট মুরব্বি শাহিনুর চৌধুরী
সমাজসেবী আক্তার হোসেন প্রমুখ।

অন্যানের মধ্যে বক্তব্য রাখেন ১নং লামাকাজী ইউনিয়ন প্রবাসী ফোরাম জেদ্দার সভাপতি আক্তার হোসাইন, ছাত্রনেতাফয়সাল আহমদ, ছাত্রনেতা উজ্জ্বল আহমদ,বিশিষ্ট সমাজ সেবক শামিম আহমদ

লিটন,বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটি নেতাখন্দকার শাকিল আহমদ।